গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৬.০২.০১৪.২০২৬- ৬৮

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪৩২
০৯ মার্চ ২০২৬

**বিষয়ঃ এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্স-৬১ এ মনোনয়ন।**

বরাতঃ ১। সেনা সদর, জিএস শাখা (এমটি পরিদপ্তর) পত্র নং-২৩.০১.৯০১.০২৬.০১.০৫৭.৪৯৫.১৮.০১.২৫ তারিখঃ ১৮ জানুয়ারি ২০২৫।
২। ওসিএন্ডএস, রাজেন্দ্রপুর সেনানিবাস এর পত্র নং-২৩.০১.৯০৩.৪৮৯.০২.০৫৫.০২.০৮.০৩.২৬ তারিখঃ ০৮ মার্চ ২০২৫

উপর্যুক্ত বিষয় ও বরাতপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৯ মার্চ ২০২৬ হতে ০৭ মে ২০২৬ তারিখ (০৬ সপ্তাহ) মেয়াদে অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল (ওসিএন্ডএস), রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুরে অনুষ্ঠেয় এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্স-৬১ এ নিম্নে বর্ণিত কারারক্ষীকে মনোনয়ন প্রদান করা হলো।

| নং | নাম ও নম্বর | বর্তমান কর্মস্থল | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কারারক্ষী নং-০৭৩৭৬<br>নাহিদ মাতুব্বর | দিনাজপুর জেলা কারাগার | ০১৬১০৭৯৫৬৮৫ | মনোনীত |
| ২ | কারারক্ষী নং-০৬৪০১<br>মোঃ ফাউজুল আজিম রাফি | সিলেট কেন্দ্রীয় কারাগার-১<br>বাদাঘাট | ০১৮৪০-৮১৩৮৩৪ | সংরক্ষিত |

মেহবাহুল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সেনাসদর, জিএসশাখা, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
২। কারা উপ মহাপরিদর্শক, রংপুর/সিলেট বিভাগ, সদর দপ্তর, রংপুর/সিলেট।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৪। কমান্ড্যান্ট, অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
৫। সিনিয়র জেল সুপার, সিলেট কেন্দ্রীয় কারাগার-১, বাদাঘাট।
৬। জেল সুপার, দিনাজপুর জেলা কারাগার। | যোগদান নির্দেশিকা মোতাবেক উল্লেখিত পোষাক পরিচ্ছদ ও দ্রব্য সামগ্রী সাথে নিয়ে পূর্ণপ্রস্তুতির সহিত আগামী ২৭ মার্চ তারিখ ১৭:০০ ঘটিকার মধ্যে অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুরে যোগদানের নির্দেশ দিতে অনুরোধ করা হলো। **যোগদান নির্দেশিকা এ সাথে সংযুক্ত করা হলো।**
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৮। শাখা প্রধান, প্রশাসন/বাজেট/সংস্থাপন-২ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ-মহাপরিদর্শক (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।

ওসিএন্ডএস
রাজেন্দ্রপুর সেনানিবাস

তারালাপনী ঃ সামরিক - ২৩২৬
ই-মেইল: ocs@army.mil.bd

২৩ ফাল্গুন ১৪৩২

২৩.০১.৯০৩.৪৮৯.০২.০৫৫.০২.০৮.০৩.২৬ ০৮ মার্চ ২০২৬

যোগদান নির্দেশিকা - এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্স-৬১

বরাত ঃ

ক। সেনাসদর প্রশিক্ষণ নির্দেশিকা - ১/২০২৬।

১। ভূমিকা। শান্তিকালীন ও যুদ্ধকালীন সময়ে অস্ত্র এবং গোলাবারুদ সুষ্ঠুভাবে যত্ন এবং রক্ষণাবেক্ষন করা সকল বাহিনীর সদস্যদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গোলাবারুদ অত্যন্ত বিপজ্জনক এবং স্পর্শকাতর বিধায় সকল বাহিনীর সদস্যদের গোলাবারুদ যত্ন এবং রক্ষণাবেক্ষনের ক্ষেত্রে পেশাগতভাবে দক্ষ এবং পারদর্শী হতে হবে। এই দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রয়োজন সঠিক প্রশিক্ষণ। বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, বিজিবি, বাংলাদেশ আনসার ও ভিডিপি, এমওডিসি এবং কারারক্ষী হতে নির্বাচিত সদস্যদের গোলাবারুদ যত্ন এবং রক্ষণাবেক্ষনের ক্ষেত্রে পেশাগতভাবে দক্ষ ও যুগোপযোগী ভাবে প্রশিক্ষিত করার জন্য এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্সের গুরুত্ব অপরিসীম। বর্ণিত গুরুত্ব বিবেচনা করতঃ অর্ডন্যান্স সেন্টার ও স্কুলে এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্স-৬১ পরিচালনা করা হবে।

২। স্কুলের অবস্থান। অর্ডন্যান্স সেন্টার ও স্কুল প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত। রাজেন্দ্রপুর সেনানিবাস রাজেন্দ্রপুর রেলওয়ে ষ্টেশন হতে ১ কিঃ মিঃ পশ্চিমে, জয়দেবপুর চৌরাস্তা হতে ১৮ কিঃ মিঃ উত্তর পূর্বে, রাজেন্দ্রপুর চৌরাস্তা হতে ৪ কিঃ মিঃ উত্তরে এবং ঢাকা কাপাসিয়া সড়কের দক্ষিণ পার্শ্বে অবস্থিত। অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল এর অবস্থান ও ম্যাপ যথাক্রমে ক্রোড়পত্র ক ও খ হিসেবে সংযুক্ত করা হলো।

৩। কোর্সের উদ্দেশ্য। বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, বিজিবি, বাংলাদেশ আনসার ও ভিডিপি, এমওডিসি এবং কারারক্ষী হতে নির্বাচিত সদস্যদের গোলাবারুদের উপর সাধারণ জ্ঞান, গুদামজাতকরণ, রক্ষণাবেক্ষণ এবং পরিবহন সম্পর্কে মৌলিক, তাত্ত্বিক এবং ব্যবহারিক জ্ঞান প্রদান করা।

৪। কোর্সের স্থিতিকাল। এই কোর্সের স্থিতিকাল ২৯ মার্চ ২০২৬ হতে ০৭ মে ২০২৬ পর্যন্ত (মোট ০৬ সপ্তাহ)।

৫। যোগদান। আগামী ২৭ মার্চ ২০২৬ তারিখ ১৭০০ ঘটিকার মধ্যে এই প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

৬। কোর্সে যোগদানের প্রাক-যোগ্যতা। অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন হতে হবে ঃ

ক। অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে জিএসটিপি-০০৪৫ অনুযায়ী অবশ্যই এসএসসি/সমমান পাশ হতে হবে। এসএসসি/সমমান পাশের নিম্ন শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন কোন প্রশিক্ষণার্থী কোর্সে যোগদান করলে তাকে নিজ ইউনিটে ফেরত পাঠানো হবে।

খ। শারীরিকভাবে যোগ্য (ডাক্তারী শ্রেণীবিভাগ 'এ')।

৭। প্রশাসন।

ক। যাতায়াত। প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ ব্যবস্থাপনায় অত্র স্কুলে যোগদান করবেন।
খ। বাসস্থান। প্রশাসনিক শাখা কর্তৃক নির্ধারিত স্থানে থাকার ব্যবস্থা করা হবে।
গ। বেতন ও ভাতা। প্রশিক্ষণার্থীগণ প্রচলিত নিয়ম মোতাবেক বেতন ও ভাতা প্রাপ্য হবেন।
ঘ। মেসিং। অর্ডন্যান্স সেন্টার ও স্কুলের সৈনিক মেসে আহারের ব্যবস্থা করা হবে।

ঙ। পোষাক সরঞ্জামাদি।

(১) প্রাধিকৃত সামরিক পোষাক (ওয়ার্কিং ড্রেসসহ)।

(২) পিটি ও খেলাধূলার পোষাক।

(৩) বেসামরিক পোষাক (সাদা শার্ট, কালো প্যান্ট, কালো বেল্ট, কালো স্যু, কালো ব্লেজার এবং অন্যান্য পোষাক প্রয়োজন অনুযায়ী)।

(৪) এফএসএমও এবং হেলমেট (প্যাক ০৮ ব্যতিত)।

(৫) ক্যাপস্ ওয়াটার প্রুফ।

(৬) সীট গ্রাউন্ড।

(৭) ক্যাম্প স্টুল (আবশ্যক)।

চ। আসবাবপত্র। প্রশিক্ষণার্থীদের বসবাসের জন্য প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণার্থীগণ প্রয়োজনীয় বিছানাপত্র সঙ্গে আনবেন।

৮। প্রেসী সরবরাহ। এই স্কুল হতে এএমসি-৬১ এর প্রয়োজনীয় প্রেসী সরবরাহ করা হবে।

৯। নিষিদ্ধ দ্রব্যাদি ও জীবজন্তু। নিম্নলিখিত দ্রব্যাদি ও জীবজন্তু সংগে আনা নিষিদ্ধ ঃ

ক। ব্যক্তিগত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ।

খ। কুকুর অথবা পোষা জীবজন্তু।

গ। মাদক দ্রব্য।

ঘ। মূল্যবান দ্রব্যাদি/স্বর্ণালংকার।

১০। অন্যান্য সুযোগ সুবিধাসমূহ। নিম্নবর্ণিত সুযোগ সুবিধাদি এই প্রতিষ্ঠান হতে পাওয়া যাবে ঃ

ক। ব্যাংক ও ডাকঘর। রাজেন্দ্রপুর সেনানিবাস এলাকায় একটি ডাকঘর, সোনালী ব্যাংক ও ট্রাষ্ট ব্যাংকের একটি করে শাখা আছে।

খ। ডাক ঠিকানা। অর্ডন্যান্স সেন্টার ও স্কুলে অবস্থানকালে প্রশিক্ষণার্থীদের ডাক ঠিকানা নিম্নরূপ ঃ

পদবী ও নাম ঃ ____________________

কোর্স ঃ এএমসি-৬১

প্রযত্নে ঃ অর্ডন্যান্স সেন্টার ও স্কুল (স্কুল শাখা)
রাজেন্দ্রপুর সেনানিবাস
গাজীপুর -১৭৪২।

গ। প্রয়োজনীয় টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা।

১। মিলিটারী রাজেন্দ্রপুর সেনানিবাস এক্সচেঞ্জ।

(ক) ওসিএন্ডএস জিএসও-২/এ্যাডজুটেন্ট (স্কুল) - ০১৭৬৯০৩২৩১০।
(খ) রাজেন্দ্রপুর সেনানিবাস এক্সচেঞ্জ - ৯০৩-১১।
(গ) ফ্যাক্স ওসিএন্ডএস - (০২)-৯২০১৩০২।
(ঘ) ই-মেইল ওসিএন্ডএস - ocs@army.mil.bd

২। কোর্স ওআইসি ঃ

(ক) (০২) -৯২০১০০২-৭ বর্ধিত ২৩২৬ (অফিস)।
(খ) মোবাইল- ০১৭৬৯০৩২৩২৬।

৩। কোর্স জেসিও। মোবাইল - ০১৭২৫-৯৫০৬০৪।

৪। কোর্স এনসিও। মোবাইল - ০১৭৩৭৫২০৩০১।

ঘ। চিকিৎসা। কোর্স চলাকালীন অসুস্থ প্রশিক্ষণার্থীদের জন্য সম্মিলিত সামরিক হাসপাতাল, রাজেন্দ্রপুর সেনানিবাসে এবং জটিল/গুরুতর অসুস্থদের জন্য সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাসে চিকিৎসা প্রদান করা হবে।

ঙ। ছুটি। প্রশিক্ষণ চলাকালীন সময় কোন প্রকার ছুটি প্রদান করা হবে না। তবে পরিস্থিতি বিবেচনায় বিশেষ প্রয়োজনে ছুটি প্রদান করা যেতে পারে।

চ। বিনোদন/ ইউনিট সুবিধা সমূহ। এই প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত সুবিধা/বিনোদনের ব্যবস্থা রয়েছে ঃ

(১) লাইব্রেরী।
(২) ক্যান্টিন।
(৩) চিত্তবিনোদন কক্ষ।
(৪) ইনডোর ও আউটডোর খেলাধুলা।
(৫) Participant Paper Corner এর মাধ্যমে কম্পিউটার কম্পোজ, সাদাকালো ও রঙিন প্রিন্টিং, ফটোকপি, স্পাইরাল বাইন্ডিং এবং লেমিনেটিং সুবিধা প্রদান।
(৬) Photo Shop এর মাধ্যমে ছবি তোলা ও প্রিন্ট করার সুবিধা প্রদান।

ছ। ক্যান্টিন। ওসিএডএস ক্যান্টিনে নিম্নলিখিত দ্রব্য সামগ্রী ছাড়াও বিভিন্ন স্টেশনারী ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সুলভ মূল্যে সরবরাহ করা হয়ে থাকে ঃ

(১) নোট বই, কলম/সিগনেচার পেন।
(২) রেজিষ্টার, ফাইল কভার, কটন ট্যাগ এবং থ্রেড বল।
(৩) ডুপ্লিকেটিং কাগজ এবং ড্রইং সীট।
(৪) ক্লিপ বোর্ড ও স্কেল।
(৫) পেন্সিল, রাবার, পেপার পিন, জেমস ক্লিপ।
(৬) ক্যালকুলেটর।
(৭) কম্ব্যাট রং এর সাইড ব্যাগ।
(৮) স্টাপলার (বড়/ছোট)।

১১। আবশ্যকীয়। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কোর্সে যোগদানের সময় নিম্নবর্ণিত দলিলপত্র অবশ্যই সংগে আনতে হবে ঃ

ক। পরিচয়পত্র।

খ। গমনাদেশ।

গ। শেষ রশদ সনদপত্র।

ঘ। প্রয়োজনে কোর্স সমাপনান্তে ছুটির মঞ্জুরী পত্র।

ঙ। কোর্স সমাপ্তির পর ইউনিট/ফরমেশনে প্রত্যাবর্তনের জন্য ফ্রি রেলওয়ে ওয়ারেন্ট।

চ। মাসিক সানানের সনদ পত্র।

ছ। মেডিক্যাল ক্যাটাগরি সনদপত্র।

১২। <u>ইউনিটে ফেরৎ (আরটিইউ)</u>। সেনাসদর, জিএস শাখা, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর পত্র নং ১৫২৫/আর/এমটি-১ তারিখ ০৯ এপ্রিল ২০০৭, সেনাসদর, জিএস শাখা, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর পত্র নং ১৫২৫/আর/এমটি-১ তারিখ ২৬ ডিসেম্বর ২০১১ এবং সদর দপ্তর আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড, ট্রেনিং ডিভিশন (প্লান এন্ড রিসোর্স শাখা) পত্র নং ২৩.০১.৯২০.০৯২.০৭.১০১.০১.১৫.১১.২৩ তারিখ ১৫ নভেম্বর ২০২৩ অনুযায়ী প্রশিক্ষণার্থীকে প্রয়োজনবোধে ইউনিটে ফেরৎ পাঠানো হবে।

১৩। <u>শৃংখলা</u>। কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থীদেরকে অর্ডন্যান্স সেন্টার ও স্কুলের নিয়ম মেনে চলতে হবে। শৃঙ্খলা ভংগকারীকে কোর্স চলাকালীন যে কোন সময়ে নিজ ইউনিটে ফেরত (RTU) পাঠানো হবে।

১৪। <u>প্রশিক্ষণ ভ্রমন/পরিদর্শন</u>। পাঠ্যক্রমের সাথে সম্পর্ক রেখে প্রশিক্ষণ ভ্রমন/পরিদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে।

১৫। <u>পূর্ব প্রস্তুতি/প্রবেশিকা পরীক্ষা</u>। প্রশিক্ষণার্থীগণ কোর্সে যোগদানের পূর্বে নিম্নবর্ণিত বিষয়ের উপর পূর্ব প্রস্তুতি নিয়ে কোর্সে যোগদান করবে এবং প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা যাচাই এর জন্য নিম্নবর্ণিত বিষয়ের উপর প্রবেশিকা পরীক্ষা নেয়া হবে ঃ

ক। ক্ষুদ্রাস্ত্র গোলাবারুদ, গ্রেনেড, মাইন ও মর্টার গোলাবারুদ।

খ। গোলাবারুদ গুদামজাতকরণের সাধারণ নিয়মাবলী।

গ। গোলাবারুদের হিসাব ও দলিল দস্তাবেজ প্রস্তুতকরণ।

ঘ। গোলাবারুদ প্রাপ্তি ও প্রদানের নিয়মাবলী।

ঙ। নিরাপত্তা ব্যবস্থা ও অগ্নি নির্বাপন পদ্ধতি।

চ। গোলাবারুদ ও বিস্ফোরক দ্রব্যের যত্ন এবং রক্ষণাবেক্ষণ।

ছ। সাধারন জ্ঞান (খেলাধূলা এবং জাতীয় ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কিত সাম্প্রতিক ঘটনা এবং নিজ নিজ বাহিনীর সাম্প্রতিক ঘটনাবলী ইত্যাদি)।

১৬। <u>শুধুমাত্র ফরমেশন সদর দপ্তর এবং সংশ্লিষ্ট রেকর্ডসমূহের জন্য</u>। আপনাদের আওতাধীন সংশ্লিষ্ট ইউনিটসমূহকে যোগদান নির্দেশিকা প্রেরণ করতঃ সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক যোগদান নির্দেশিকা প্রাপ্তির পর কোর্সে অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীর নাম ক্রোড়পত্র **গ মোতাবেক আগামী ১৫ মার্চ ২০২৬** তারিখের মধ্যে সরাসরি অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল (স্কুল শাখা) এ প্রেরণ করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৭। <u>উপসংহার</u>। এ নির্দেশিকায় এ্যামিউনিশন মেইনটেন্যান্স কোর্সের প্রাক প্রস্তুতিসহ কোর্সে যোগদানের বিষয়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে যা একজন প্রশিক্ষণার্থীকে প্রাক প্রস্তুতিসহ যথাসময়ে কোর্সে যোগদানে সহায়তা করবে।

১৮। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ তহিব মাহমুদ অভি
মেজর
পক্ষে কমান্ড্যান্ট

ক্রোড়পত্রঃ

ক। অবস্থান নির্দেশক চার্ট - অর্ডন্যান্স সেন্টার ও স্কুল।

খ। কোর্সে অবস্থান কালে করনীয় এবং বর্জনীয় বিষয়সমূহ।

গ। নামীয় তালিকা প্রেরণ - এএমসি -৬১।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

________________________________

(সংশ্লিষ্ট ইউনিট/প্রতিষ্ঠান/ফরমেশনসমূহ)

অবগতিঃ

সেনাসদর, জিএস শাখা (সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর), ঢাকা সেনানিবাস।

সেনাসদর, এমজিও শাখা (অর্ডন্যান্স পরিদপ্তর), ঢাকা সেনানিবাস।


সদর দপ্তর আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড, মোমেনশাহী সেনানিবাস।

অভ্যন্তরীণঃ

স্কুল সদর দপ্তর

ক্রোড়পত্র ক
ওসিএন্ডএস পত্র নং
২৩.০১.৯০৩.৪৮৯.০২.০৫৫.০২.০৮.০৩.২০২৬
তারিখঃ ০৮ মার্চ ২০২৬

# অবস্থান নির্দেশিকা-অর্ডন্যান্স সেন্টার এন্ড স্কুল





সীমিত

ক্রোড়পত্র খ
ওসিএন্ডএস পত্র নং
২৩.০১.৯০৩.৪৮৯.০২.০৫৫.০১.০৮.০৩.২০২৬
তারিখ ঃ ১৮ মার্চ ২০২৬

## কোর্সে অবস্থান কালে করনীয় এবং বর্জনীয় বিষয়সমূহ

### বর্জনীয় বিষয়সমূহ

১। সৈনিক লাইন/ মেস।

ক। ওসিএন্ডএস এ চলাচলের সময় নির্ধারিত এলাকায় বেসামরিক দর্শনার্থী/মেহমান আমন্ত্রন করা।
খ। অনুপোযুক্ত পোশাকে সৈনিক মেসে যাওয়া।
গ। কোন পোষা প্রাণী সাথে নিয়ে আসা/রাখা।
ঘ। রাজনৈতিক, ধর্মীয় এবং মহিলা সংক্রান্ত কোন বিষয়ে আলোচনা করা।
ঙ। প্রশিক্ষণার্থীদের নিজেদের মধ্যে বাক বিতন্ডায় জড়ানো।
চ। মাদকদ্রব্য বহন এবং মাদক গ্রহন করা।
ছ। মোবাইল ফোনে অতিরিক্ত সময় ব্যয় করা।

২। চলাচল সীমিত এলাকা।

ক। কোন প্রশিক্ষক ও ষ্টাফদের রুমে বা আবাসস্থলে জরুরী প্রয়োজন ছাড়া গমন করা।
খ। কোর্সের সদস্য কর্তৃক কোন বিশেষ অনুষ্ঠানে প্রশিক্ষক এবং তাদের পরিবারবর্গকে নিমন্ত্রণ করা।
গ। স্কুল কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কোন বিদেশীকে আমন্ত্রন জানানো অথবা তাদের আমন্ত্রণ গ্রহণ করা।
ঘ। নির্ধারিত সময় ব্যতীত ক্যান্টিনে গমন করা।

৩। শ্রেণীকক্ষে।

ক। উর্দ্ধতনকে সম্মান প্রদর্শনে ব্যর্থ হওয়া।
খ। প্রশিক্ষকের কোন ব্যক্তিগত চিঠিপত্র ও দলিল দস্তাবেজের ব্যাপারে প্রশিক্ষনার্থী কর্তৃক কোন কার্যক্রম বা সিদ্ধান্ত গ্রহণ করা।
গ। মোবাইল ফোন বহন করা।

৪। পোষাক পরিচ্ছদ এবং ব্যক্তিগত শৃঙ্খলা।

ক। শৃঙ্খলাতে অবহেলা।
খ। চুল বড় রাখা।
গ। অসৈনিকসুলভ আচরণ।
ঘ। অমার্জিত পোষাক পরিধান করা।

৫। বেসামরিক এলাকা।

ক। অমার্জিত পোষাকে বেসামরিক এলাকায় গমন করা।
খ। পরিচয়পত্র ব্যতিত সেনানিবাসের বাহিরে গমন করা।
গ। অনুমোদিত ড্রাইভিং লাইসেন্স ব্যতিত গাড়ি চালানো (ওসিএন্ডএস এ কোন মোটর সাইকেল গ্রহনযোগ্য নয়)।
ঘ। বেসামরিক লোকজনের সাথে তর্কে জড়ানো।
ঙ। অননুমোদিত স্থানে যাওয়া।

৬। <u>উপহার সামগ্রী</u> ঃ প্রশিক্ষনার্থী কর্তৃক প্রশিক্ষক/ষ্টাফদের উপহার সামগ্রীর প্রলোভন দেখানো।

৭। <u>জুয়া/তাস খেলা</u> ।

ক। কোর্স চলাকালীন সময়ে জুয়া অথবা তাস খেলা।
খ। মোবাইল ফোনে অনলাইন জুয়া খেলা।

৮। <u>বিদেশী/দেশীয় সংস্থার নিমন্ত্রন</u> ঃ বিদেশী/দেশীয় সংস্থা হতে নিমন্ত্রন গ্রহন করা ।

<u>করনীয় বিষয়সমূহ</u>

১। <u>পরিচয়পত্র</u> ঃ সেনানিবাস এলাকায় পরিচয়পত্র দৃশ্যমান থাকবে এবং এমপি/আরপি কর্তৃক পরিচয়পত্র প্রদর্শন করতে বলা হলে প্রদর্শন করতে হবে।

২। <u>বেসামরিক এলাকায় যে কোন সমস্যার সম্মুখীণ হলে করনীয়</u>।

ক। পুলিশের সহায়তা নেওয়া।
খ। মোবাইল ফোনে স্কুল কর্তৃপক্ষকে (কোর্স ওআইসি/স্কুল এ্যাডজুটেন্ট/কোর্স জেসিও) অবগত করা।

ক্রোড়পত্র গ
ওসিএন্ডএস পত্র নং ২৩.০১.৯০৩.৪৮৯.০২.০৫৫.০২.০৮.০৩.২০২৬
তারিখ ঃ ০৮ মার্চ ২০২৬

## নামীয় তালিকা প্রেরণ এএমসি-৬১

| ক্রমিক | সেনা নম্বর | পদবী | নাম | ইউনিট | রেজিমেন্ট/কোর | ফরমেশন | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |